গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.০০০.১১৩.৪৯.০০০১.১৯.১৬

তারিখ: ৭ জ্যৈষ্ঠ ১৪৩৩
২১ মে ২০২৬

**বিষয়:** মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন "অফিসসমূহ আঞ্চলিক কার্যালয়/জেলা/উপজেলা/থানা" এবং "সরকারি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ (স্কুল, কলেজ, স্কুল এন্ড কলেজ)" এর ওয়েবসাইট হালনাগাদকরণ প্রসঙ্গে।

সূত্র: ৩৭.০০.০০০০.০০০.০২৩.৩৭.০০০১.১৮.১০; তারিখ ১৫ মার্চ ২০২৬ খ্রি: এবং
৩৭.০২.০০০০.১০১.০৬.০০৩.২০২৬-৩৬৪; তারিখ ০৭ মে ২০২৬ খ্রি:

উপর্যুক্ত বিষয় এবং সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে জাতীয় তথ্য বাতায়নে অত্র অধিদপ্তর এবং মাঠ পর্যায়ের অনেক অফিসের জন্য ওয়েবসাইট তৈরি করা হয়েছে। এতদবিষয়ে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন "অফিসসমূহে **আঞ্চলিক কার্যালয়/ জেলা/উপজেলা/থানা** এবং অধীনস্ত **সরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে**" জাতীয় তথ্য বাতায়ন (www.bangladesh.gov.bd) -এর অধীন ওয়েব সাইট চালু আছে তাদের প্রয়োজনীয় তথ্য নিয়মিতভাবে হালনাগাদ করা হচ্ছে না। এছাড়া, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের (স্কুল, কলেজ, স্কুল এন্ড কলেজ) ওয়েবসাইট তৈরি/হালনাগাদকরণের বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা রয়েছে।

মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক, অফিসসমূহের ওয়েবসাইটের বর্ণিত কন্টেন্টসমূহ (কর্মকর্তার নাম, পদবী, মোবাইল নম্বর, টেলিফোন নম্বর, ছবি, দাপ্তরিক ই-মেইল, নোটিশ বোর্ড, সর্বশেষ খবর, মেনুসমূহ, অফিস আদেশ/প্রজ্ঞাপন, নীতিমালা, বিভিন্ন ফোকাল পয়েন্ট কর্মকর্তার তথ্য এবং সেবাবক্সসমূহ যেমন: সরকারি কর্ম সম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি/GPMS, সেবা প্রদান প্রতিশ্রুতি, তথ্য অধিকার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, জাতীয় শুদ্ধাচার কৌশল, নীতিমালা ও প্রকাশনা, নাগরিক ই-সেবাসমূহ ইত্যাদি) অগ্রাধিকারভিত্তিতে হালনাগাদ করা প্রয়োজন।

এমতাবস্থায়, আগামী ৪ জুন ২০২৬ইং তারিখের মধ্যে অত্র অধিদপ্তরের আওতাধীন অফিসসমূহ **"আঞ্চলিক কার্যালয়/ জেলা/উপজেলা/থানা"** এবং **"সরকারি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ (স্কুল, কলেজ, স্কুল এন্ড কলেজ)** " এর নিজস্ব ওয়েবসাইট তৈরি/ হালনাগাদ করে নিম্ন বর্ণিত গুগল ফর্ম লিংকে তথ্য প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

লিংকের ঠিকানা - https://forms.gle/RbTAqoNqi3FVdg5u7

**সংযুক্তি:**
(১) ওয়েবসাইট হালনাগাদকরণ পত্রসমূহ

২১-০৫-২০২৬
প্রফেসর ড. খান মইনুদ্দিন আল মাহমুদ সোহেল
মহাপরিচালক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা আঞ্চলিক কার্যালয়।
২। আঞ্চলিক উপপরিচালক-সকল (বিদ্যালয় ও পরিদর্শন শাখা)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
আটোয়ারী, পঞ্চগড়।
www.seo.atwari.panchagarh.gov.bd

স্মারক নং- উ:মা:শি:অ:কা/আটো/পঞ্চ/২০২৬/১১৩

তারিখ- ০৯ আষাঢ় ১৪৩৩ ব. / ২৩ জুন ২০২৬ খ্রি.।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ**

প্রাপক,
প্রতিষ্ঠান প্রধান, ................................................ স্কুল এন্ড কলেজ/বিদ্যালয়/কলেজ, আটোয়ারী, পঞ্চগড়।

(উপরিউক্ত পত্রের নির্দেশনা মোতাবেক নির্দেশিত গুগল লিংকে (https://forms.gle/RbTAqoNqi3FVdg5u7) আপনার প্রতিষ্ঠানের তথ্য সন্নিবেশিত করার নির্দেশক্রমে অনুরোধ করা হলো।)

অনুলিপি:
১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
২। জেলা শিক্ষা অফিসার, পঞ্চগড়।
৩। অফিস কপি।

২৩/০৬/২০২৬

(লুৎফুল কবির মোঃ কামরুল হাসান)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
আটোয়ারী, পঞ্চগড়।
ফোন: 02588878830
Email: atwariuseo.bd@gmail.com